ঝিনাইদহে নকল নবীস দাবী আদায় পরিষদের খুলনা বিভাগীয় সমাবেশ

ঝিনাইদহে বৈষম্য বিরোধী নকল নবীস দাবী আদায় পরিষদের খুলনা বিভাগীয় সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (১৩ ডিসেম্বর) সকাল থেকে দুপুর পর্যন্ত শহরের জোহান ড্রীম ভ্যালী পার্ক মিলনায়তনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে সাব রেজিস্টি অফিসে কর্মরত নকল নবীসদের চাকুরী জাতীয়করণের দাবীতে আন্দোলন পরবর্তী করণীয় নানা বিষয়ে আলোচনা করা হয়।

নকল নবীস দাবী আদায় পরিষদের খুলনা বিভাগীয় প্রধান উপদেষ্টা আকবর আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনটির কেন্দ্রীয় সভাপতি রফিকুল ইসলাম।

বিশেষ অতিথি ছিলেন কেন্দ্রীয় সাধারণ সম্পাদক আল আমিন সরকার, সহ-সভাপতি আজিজুল হক, সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা, প্রচার সম্পাদক জাহাঙ্গীর আলম, ঝিনাইদহ জেলা শাখার সমন্বয়ক জাকির হোসেন। অনুষ্ঠান পরিচালনা করেন খুলনা ও বরিশাল বিভাগের প্রধান সমন্বয়ক রুবেল পারভেজসহ অন্যান্যরা।

সেসময় বক্তারা বলেন, আন্দোলনের প্রথম ধাপ তারা পার করেছে। দাবী বাস্তবায়ন না হওয়া পর্যন্ত মাঠে থাকার আহবান জানান তারা। সমাবেশে খুলনা বিভাগের ১০ টি জেলার ৫ শতাধিক নকল নবীস উপস্থিত ছিলেন।